# Fixcef™ Plus

Cefuroxime BP & Clavulanic Acid BP

## Composition

**Fixcef™ Plus 250 Tablet:** Each film coated tablet contains Cefuroxime Axetil BP equivalent to Cefuroxime 250 mg and Diluted Potassium Clavulanate BP equivalent to Clavulanic Acid 62.5 mg.

**Fixcef™ Plus 500 Tablet:** Each film coated tablet contains Cefuroxime Axetil BP equivalent to Cefuroxime 500 mg and Diluted Potassium Clavulanate BP equivalent to Clavulanic Acid 125 mg.

## Pharmacology

Cefuroxime is one of the bactericidal second generation cephalosporin antibiotics, which is active against a wide range of Gram-positive and Gram-negative susceptible organisms including many beta-lactamase producing strains. Clavulanic acid has a similar structure to the beta-lactam antibiotics but binds irreversibly to the beta-lactamase enzymes. The presence of clavulanic acid in **Fixcef™ Plus** formulations protect Cefuroxime from degradation by beta-lactamase enzymes and effectively extend the antibacterial spectrum of Cefuroxime.

## Indications

Pharyngitis/tonsillitis, Acute bacterial otitis media, Acute bacterial maxillary sinusitis. Acute bacterial exacerbations of chronic bronchitis and secondary bacterial infection of acute bronchitis, Uncomplicated skin and skin-structure infections, Uncomplicated urinary tract infections, Uncomplicated gonorrhoea (urethral and endocervical), Early lyme disease (erythema migrans).

## Dosage & Administration

For oral administration

**Fixcef™ Plus Tablet:** The usual course of v therapy with Cefuroxime-Clavulanic acid tablets is 5 to 7 days for treatment of bronchitis and 7 to 10 days for other infections.

***Adolescents and Adults (13 years and older)***

| Infection | Dosage | Duration (days) |
|---|---|---|
| Pharyngitis/tonsillitis | 250 mg b.i.d. | 05-10 |
| Acute bacterial maxillary sinusitis | 250 mg b.i.d. | 10 |
| Acute bacterial exacerbations of chronic bronchitis | 250 or 500 mg b.i.d. | 10 |
| Secondary bacterial infections of acute bronchitis | 250 or 500 mg bid. | 05-10 |
| Uncomplicated skin and skin-structure infections | 250 or 500 mg b.i.d. | 10 |
| Uncomplicated urinary tract infections | 250 mg b.i.d. | 07-10 |
| Uncomplicated gonorrhoea | 1,000 mg | Single dose |
| Early Lyme disease | 500 mg bid. | 20 |
| Paediatric Patients (who can swallow tablets whole) | | |
| Infection | Dosage | Duration (days) |
| Acute otitis media | 250 mg b.i.d. | 10 |
| Acute bacterial maxillary sinusitis | 250 mg b.i.d | 10 |

**or as directed by the physician.**

## Contraindication

Patients with known allergy to cephalosporins & pseudomembranous colitis are contraindicated.

## Warnings & Precautions

Cefuroxime-Clavulanic acid should be given with care to patients receiving concurrent treatment with potent diuretics & who have history of colitis.

## Side effects

Generally Cefuroxime-Clavulanic acid are well tolerated. However, a few side effects like nausea, vomiting, diarrhaea, abdominal discomfort or pain may occur. Rarely (<0.2%) renal dysfunction, anaphylaxis, angioedema, pruritis, rash and serum sickness like urticaria may appear.

## Use in Pregnancy & Lactation

Cefuroxime-Clavulanic acid can be safely used In later pregnancy to treat urinary and other infections. Cefuroxime-Clavulanic acid is excreted into the breast milk in small quantities. However, the possibility of sensitizing the infant should be kept in mind.

## Use in Children & Adolescents

Cefuroxime-Clavulanic acid should not be used in children younger than 3 months of age.

## Drug Interaction

Concomitant administration of probenecid with Cefuroxime-Clavulanic acid increases the area under the serum concentration versus time curve by 50%. Drug that reduces gastric acidity may result in a lower bioavailability of Cefuroxime-Clavulanic acid and tend to cancel the effect of postprandial absorption.

## Overdosage

Overdosage of Cefuroxime-Clavulanic acid can cause cerebral irritation leading to convulsions. Serum level can be decreased by haemodialysis and peritoneal dialysis.

## Storage

Store below 30°C, away from light & in a dry place. Keep all medicine out of the reach of children.

## Packing

**Fixcef™ Plus 250 Tablet:** Each box contains 2X7 tablets in Alu-Alu blister within Alu-Alu sachet and an insert.

**Fixcef™ Plus 500 Tablet:** Each box contains 2X7 tablets in Alu-Alu blister within Alu-Alu sachet and an insert.

Manufactured by:
**Navana Pharmaceuticals PLC.**
Rupshi, Rupganj, Narayanganj, Bangladesh

NAVANA PHARMA

NCLT0583_02-24_03

# ফিক্সসেফ™ প্লাস

সেফুরক্সিম বিপি এবং ক্লাভুলেনিক এসিড বিপি

## উপাদান

**ফিক্সসেফ™ প্লাস ২৫০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে সেফুরক্সিম এক্সেটিল বিপি, যা সেফুরক্সিম ২৫০ মি.গ্রা. এর সমতুল্য এবং ডাইলিউটেড পটাসিয়াম ক্লাভুলেনেট বিপি, যা ক্লাভুলেনিক এসিড ৬২.৫ মি.গ্রা. এর সমতুল্য।

**ফিক্সসেফ™ প্লাস ৫০০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে সেফুরক্সিম এক্সেটিল বিপি, যা সেফুরক্সিম ৫০০ মি.গ্রা. এর সমতুল্য এবং ডাইলিউটেড পটাসিয়াম ক্লাভুলেনেট বিপি, যা ক্লাভুলেনিক এসিড ১২৫ মি.গ্রা. এর সমতুল্য।

## ফার্মাকোলজী

সেফুরক্সিম একটি দ্বিতীয় প্রজন্মের সেফালোস্পোরিন এ্যান্টিবায়োটিক যা ব্যাকটেরিসাইডাল এবং অধিকাংশ বিটা-ল্যাকটামেজ নি:সরণকারী শ্রেণীসহ বিস্তৃত ব্যাপ্তিতে গ্রাম-পজিটিভ ও গ্রাম-নেগেটিভ ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকর। ক্লাভুলেনিক এসিডে রয়েছে বিটা-ল্যাকটাম এ্যান্টিবায়োটিকের ন্যায় সাদৃশ্যপূর্ণ গঠন, যা বিটা-ল্যাকটামেজ এনজাইমের সাথে অপরিবর্তনীয় বন্ধন তৈরী করে। ফিক্সসেফ প্লাস ফর্মুলেশনে ক্ল্যাভুলেনিক এসিডের উপস্থিতি সেফুরক্সিমকে বিটা-ল্যাকটামেজ এনজাইম কর্তৃক বিভাজন থেকে রক্ষা করে এবং সেফুরক্সিমের ব্যাকটেরিয়ারোধী বর্ণালীকে বিস্তৃত করে।

## নির্দেশনা

ফ্যারিনজাইটিস/টনসিলাইটিস, একিউট ব্যাকটেরিয়াল ওটাইটিস মিডিয়া, একিউট ব্যাকটেরিয়াল ম্যাক্সিলারী সাইনুসাইটিস, শ্বসনতন্ত্রের নিম্নাংশের সংক্রমণ নিউমোনিয়া, একিউট ব্যাকটেরিয়াল এক্সাজারবেশন অব ক্রনিক ব্রংকাইটিস এবং সেকেন্ডারী ব্যাকটেরিয়াল ইনফেকশন অফ একিউট ব্রংকাইটিস, চর্ম ও চর্ম সংক্রান্ত সংক্রমণ, অস্থি এবং অস্থিসন্ধির সংক্রমণ, গনোরিয়া (ইউরেথ্রা এবং এনডোসারভিক্যাল) আর্লি লাইম ডিজিজ (ইরাইথমা মাইগ্রেন্স)।

## মাত্রা ও সেবনবিধি

মুখে খাওয়ার ক্ষেত্রে

**ফিক্সসেফ™ প্লাস ট্যাবলেট:** ব্রংকাইটিস এর জন্য সেফুরক্সিম-ক্লাভুলেনিক এসিডের সাধারণ মাত্রা ৫-৭ দিন এবং অন্যান্য সংক্রমণের জন্য ৭-১০ দিন।

*পূর্ণবয়স্কদের ক্ষেত্রে (১৩ বছর এবং তর্দূধ)*

| সংক্রমণ | সেবনমাত্রা | সময় |
|---|---|---|
| কন্ঠনালী বা টন্সিলে প্রদাহ | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ৫-১০ দিন |
| একিউট ব্যাক্টেরিয়াল ম্যাক্সিলারী সাইনুসাইটিস | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| ক্রনিক ব্রংকাইটিসের তীব্র সংক্রমণ | ২৫০/৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| তীব্র ব্রংকাইটিসের আনুষঙ্গিক সংক্রমণ | ২৫০/৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ৫-১০ দিন |
| চর্ম ও চর্ম সংক্রান্ত সাধারণ সংক্রমণ | ২৫০/৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| মূত্রতন্ত্রের সাধারণ সংক্রমণ | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ৭-১০ দিন |
| সাধারণ গনোরিয়া | ১০০০ মি.গ্রা. এর ১টি ডোজ | - |
| লাইম ডিজিজ | ৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ২০ দিন |
| **শিশুদের ক্ষেত্রে (যারা ট্যাবলেট খেতে সক্ষম):** | | |
| সংক্রমণ | সেবনমাত্রা | সময় |
| একিউট ওটাইটিস মিডিয়া | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| একিউট ব্যাক্টেরিয়াল ম্যাক্সিলারী সাইনুসাইটিস | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |

**অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেবনযোগ্য।**

## প্রতিনির্দেশনা

সেফালোস্পোরিন এর প্রতি সংবেদনশীল ও রোগী সুডোমেমব্রেনাস কোলাইটিসে আক্রান্ত রোগীদের জন্য প্রতি-নির্দেশিত।

## সাবধানতা ও সতর্কতা

পোটেন্ট ডাইইউরেটিক সেবন করছেন এবং কোলাইটিসের ইতিহাস আছে এমন রোগীদের ক্ষেত্রে সাবধানতার সাথে ব্যবহার করতে হবে।

## পার্শ্বপ্রতিক্রিয়া

সাধারণ সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড সুসহনীয়। তদুপরি কিছু পার্শ্ব প্রতিক্রিয়া যেমন, বমি-বমি ভাব, বমি, অস্বস্তি হতে পারে। বিরলভাবে (<০.২%) বৃক্কের কার্যকারিতা, এ্যানাফাইলেকসিস, প্রুরাইটিস, র‌্যাশ ও সেরাম সিকনেস যেমন, আর্টিকেরিয়া দেখা দিতে পারে।

## গর্ভাবস্থা ও স্তন্যদানকালীন ব্যবহার

মূত্রতন্ত্র ও অন্যান্য সংক্রমণের ক্ষেত্রে গর্ভাবস্থার শেষদিকে নিরাপদভাবে সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড ব্যবহার করা যেতে পারে।

সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড মাতৃদুগ্ধের সাথে স্বল্প পরিমাণে নি:সৃত হয়। তদুপরি শিশুর দেহে সংবেদনশীলতার সম্ভাব্যতার কথা মনে রাখা উচিত।

## শিশু এবং বয়ঃসন্ধিকালীন ব্যবহার

৩ মাসের কম বয়সী শিশুদের ক্ষেত্রে সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড ব্যবহার করা উচিত নয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া

প্রবেনিসিডের সাথে একত্রে ব্যবহারের সময়ের প্রেক্ষিতে সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড এর সেরাম ঘনত্ব ৫০% বৃদ্ধি করে। যে সমস্ত ওষুধ গ্যাস্ট্রিক এসিডিটি হ্রাস করে সেগুলো সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড এর বায়োএভেইল্যাবিলিটি হ্রাস করে এবং খাবারের পর শোষনের প্রভাব নির্মূল করতে পারে।

## অতিমাত্রা

**ফিক্সসেফ™ প্লাস** এর মাত্রাধিক্য মস্তিষ্কে প্রদাহজনিত খিঁচুনির উদ্রেক করতে পারে। সেফুরক্সিম ও ক্ল্যাভুলেনিক এসিড এর সেরাম লেভেল হিমোডায়ালাইসিস ও পেরিটোনিয়াল ডায়ালাইসিসের মাধ্যমে কমানো যেতে পারে।

## সংরক্ষণ

৩০°সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়ক

**ফিক্সসেফ™ প্লাস ২৫০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে অ্যালু-অ্যালু স্যাচেটের ভিতর অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে রয়েছে ২X৭ টি ট্যাবলেট এবং একটি নির্দেশিকা।

**ফিক্সসেফ™ প্লাস ৫০০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে অ্যালু-অ্যালু স্যাচেটের ভিতর অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে রয়েছে ২X৭ টি ট্যাবলেট এবং একটি নির্দেশিকা।

প্রস্তুতকারক:
**নাভানা ফার্মাসিউটিক্যালস্ পিএলসি.**
রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ

নাভানা ফার্মা